

সনাতন পিসি প্রযুক্তির বৈপ্লবিক সংস্কারে হাত দিয়েছে ইন্টেল

সামসুল হুদা

নভেম্বর তৃতীয় সপ্তাহে লাস ভেগাসের কমপিউটার প্রদর্শনীতে যখন সব পিসি নির্মাতারা সমবেত হয়েছিলেন উৎসবের মেজাজ নিয়ে ঠিক তখন ওরোহন রাজ্যের খামারবাড়ী বেষ্টিত বিখিন্ন ইন্টেল ল্যাবরেটরিতে পিসি শিল্পের ভবিষ্যৎ একটা নতুন মোড় নিয়েছিল সবার অজান্তে।

ইন্টেল মনে করছে যে আইবিএমসহ অনারা যে কাজটি করতে পারেনি সেই অসাধা একটি কাজ তারা নিজতে সম্পন্ন করেছে। তারা কুণ্ডিতে নেমেছে ডেস্কটপ কমপিউটার শিল্পের বিরাজমান অরাজকতা ঠেকিয়ে তাকে একটি সরল রেখায় আনতে এবং পিসি কোম্পানীসমূহকে একটা নতুন প্রজন্মের প্রযুক্তিপূর্ণ মানের ধারায় আনতে। আইবিএম মানের পিসির মাইক্রোপ্রসেসর নির্মাণ ও বিক্রি করে যে ইন্টেল বিশ্বখ্যাতি অর্জন করেছে তারা চাচ্ছে নতুন এই মানের ক্ষেত্রে আবার নেতৃত্ব দিতে।

ইন্টেল চাচ্ছে হার্ডওয়্যার ও সফটওয়্যার কোম্পানীসমূহ এমন একটা অভিনু পদ্ধতি অবলম্বন করতে যাতে করে পিসিসমূহ শব্দ, ভিডিও এবং অন্য পিসির সাথে যোগাযোগের ক্ষেত্রে একই ধারায় চলবে এবং এতে পিসির চাহিদা আরো অনেক বাড়বে।

যে পিসি ব্যবসার অতীতে বার্ষিক ৩০% হারে প্রবৃদ্ধি হয়েছে, সেই ২ লক্ষ ৮০ হাজার কোটি টাকার পিসি বাজারে এবং এ বছর প্রবৃদ্ধি ১০%-এরও কম।

ইন্টেল আর্কিটেকচার ল্যাব পরিচালক রোনাল্ড জে. হোয়াইটিয়ার বলেন, 'মাইক্রোপ্রসেসরের উন্নয়নের গতির সাথে হার্ডওয়্যার প্রাটফর্ম সমান তালে চলতে পারছে না। তাই মানুষ উন্মত্ত হয়ে পড়েছে।' তিনি বলেন, 'আমরা এখন নিশ্চিত যে মাইক্রোপ্রসেসরের ক্ষিপ্র উর্ধ্বাঙ্গার সাথে পাল্লা দেওয়ার মত কোন কমপিউটার কোম্পানী নেই। অথচ এ অবস্থার পরিবর্তন প্রয়োজন।

ইন্টেলের এই সাম্প্রতিক সার্বিক মূল্যায়নে যে প্রধান সমস্যাটি ধরা পড়েছে—সেটি হচ্ছে কমপিউটারের গতি ও শক্তি বৃদ্ধির পাশাপাশি নাম কমলেও কারিগরী কোন নবতর উদ্ভাবনে সঞ্জীবিত হয়নি পিসি শিল্প।

এর সবচেয়ে বড় উদাহরণটি হচ্ছে আইবিএম। ১২ বছর আগে যখন প্রথম পিসিটি বের করে তখন তারা অগ্রদূত হয়ে যে 'ডাটা বাস' উদ্ভাবন করে সেই প্রাগৈতিহাসিক নকশাতেই আজও আটকেপুটে বাঁধা কমপিউটার শিল্প। ডাটা বাসটি হচ্ছে একটা আবর্ত (circuitry)। যার মধ্যে দিয়ে তথ্য প্রবাহিত হয় কমপিউটারের অভ্যন্তরে। এখন যে আভ্যন্তরীণ পাওয়া যাচ্ছে তাতে ইন্টেল এই গতায় কারিগরী ধারাকে পরিবর্তন করে সর্বজনীন হওয়ার একটা ব্যবসায়িক কৌশল সফল করার মাধ্যমে পৌঁছেছে।

ইন্টেল বলছে যে তারা এই নতুন কমপিউটার সিস্টেম গবেষণা প্রকল্পে বছরে প্রায় ৪০০ কোটি টাকা করে ব্যয় করছে যেটি তাদের গবেষণা ও উন্নয়ন বাজেটের প্রায় ১০%। ইন্টেলের এই উদ্যোগী কৃমিকার সবচেয়ে তাৎপর্যপূর্ণ দিকটি হচ্ছে তারা চাচ্ছে এই নতুন প্রযুক্তিসমূহের আধিকাংশই কমপিউটার নির্মাতাদের মাঝে বিলিয়ে দিতে। যাতে করে নির্মাতা প্রতিষ্ঠানসমূহ এই প্রযুক্তির উপর ভিত্তি করে ইন্টেলের প্রসেসর ও অন্যান্য আনুষঙ্গিক পণ্যাদি ব্যবহার করে।

এক্ষেত্রে ইন্টেলের লক্ষ্যটি পরিষ্কার। তারা কমপিউটার উৎপাদনকারীদের কাছে তাদের মাইক্রোপ্রসেসর চিপ বিক্রি নিশ্চিত করাতে চাচ্ছে।

হোয়াইটিয়ার বলেন 'আমরা হল্যাম একটা জ্ঞান-বিজ্ঞান সম্পদ কোম্পানী এবং একটা ইন্টেলেকচুয়াল প্রোপার্টি উদ্ভাবন করে তা পুরোটাই বিলিয়ে দেওয়া খুব বুদ্ধিমত্তার কাজ নয় কিন্তু বেশ কষ্টের ব্যাপার হলেও পরিস্থিতির চাপে হয়তো সেটিই করতে হবে আমাদের।'

এখন ইন্টেল ল্যাবরেটরীর পাঁচটি পৃথক গবেষণা গ্রুপের ছয় শতাধিক গবেষক তাদের নতুন পিসির প্রথম নীলনকশাগুলি প্রকাশের পথে রয়েছে। পিসি শিল্পে যুগান্তসৃষ্টিকারী নতুন নকশাসমূহে রয়েছে এক সারির প্রযুক্তি। সেই নকশায় রয়েছে তথ্যবাহী একটা নতুন ডাটা বাস এবং একটি নতুন মানের পথের সংযোজন যার উদ্দেশ্য হচ্ছে একটা প্রাণ-ইন সার্কিট কার্ডের সাহায্যে ইন্টেল প্রসেসর ভিত্তিক পিসিসমূহে সহজেই এপল মেকিনটোশের ব্যবহার সুবিধা প্রাপ্তি এবং ভিডিও কনফারেন্সিংসহ অন্যান্য বিচিত্র এপলিকেশন চালানোর জন্য গ্রাফিক কম্প্রিহেনশন প্রযুক্তির প্রয়োগ।


লাস ভেগাস প্রদর্শনীতে ইন্টেল এই নতুন 'প্রাণ এন্ড প্রে' কমপিউটার দর্শনাটির জোর প্রচারণা চালিয়েছে। এই নতুন মানটি উদ্ভাবনের ফলে কমপিউটার ব্যবহারকারীরা সহজেই তাদের পিসিতে প্রাণ-ইন কার্ডসমূহ প্রবেশ করাতে বা সন্নিবিষ্ট করতে পারবে।

OCTEK ETHERNET 2000+/3

ETHERNET CARD

Single card supports 3 network media

(Thick Ethernet, Thin Ethernet and Twisted Pair Ethernet)



Highlights

100% Novell NE2000, NE2000+, NE2000+/2, NE2000+/3 compatible

* Protocol

Ethernet IEEE 802.3 Industry-standard 10-Mbps

* LAN Data Rate

Full Ethernet data rate at 10M bits/sec

* Interrupt Channels

IRQ3, IRQ4, IRQ9, IRQ10, IRQ11, IRQ12 & IRQ15

* Network Boot ROM

Optional Eprom for diskless workstation

Price: Tk. 9,000.00



Computer
Shop

The Computer Shop Ltd.

52 Bijoy Nagar
Dhaka-1000 Bangladesh
Phone : 412226, 415753
Fax : 880-2-835201